

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

এনফোর্সমেন্ট এন্ড ইন্সপেকশন ডিরেক্টরেট

ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

অবৈধ/অনুমোদনবিহীন স্মার্ট টিভি বক্স ও সেটটপ বক্স সরবরাহ/বিক্রয়কারীদের বিরুদ্ধে বিটিআরসি'র এনফোর্সমেন্ট এন্ড ইন্সপেকশন ডিরেক্টরেট কর্তৃক গত ১৫-০৫-২০২৪ খ্রিঃ তারিখে পরিচালিত অভিযান সংক্রান্ত তথ্য।

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর এনফোর্সমেন্ট এন্ড ইন্সপেকশন ডিরেক্টরেট এর একটি পরিদর্শকদল র‍্যাব-০৪ এর সদস্যগণের সহায়তায় গত ১৫/০৫/২০২৪ খ্রিঃ তারিখে রাজধানীর মিরপুর ও এলিফ্যান্ট রোডে অবৈধ সেটটপ বক্স/স্মার্ট টিভি বক্স বিক্রয় ও বিপণনের বিরুদ্ধে অভিযান পরিচালনা করেছে। উক্ত অভিযানে মিরপুর শাহ আলী প্লাজা মার্কেটের তিনটি দোকান থেকে মোট ৪৪০টি অবৈধ/অনুমোদনবিহীন সেটটপ বক্স/স্মার্ট টিভি বক্স জব্দসহ বিক্রির সঙ্গে জড়িত ০৩ (তিন) জনকে আটক করা হয়েছে। জব্দকৃত সরঞ্জামাদির আনুমানিক মূল্য প্রায় ১৫ লাখ টাকা। এছাড়া, রাজধানীর এলিফ্যান্ট রোডের একটি দোকান থেকে ৫৩৭ টি অনুমোদনবিহীন সেটটপ বক্স/স্মার্ট টিভি বক্স জব্দসহ ১ জনকে আটক করা হয়েছে। জব্দকৃত সরঞ্জামাদির আনুমানিক মূল্য ১৬ লাখ টাকা। আটককৃতদের বিরুদ্ধে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর বিধান অনুযায়ী রাজধানীর কাফরুল থানা ও নিউমার্কেট থানায় দুইটি মামলা রুজু করা হয়েছে।

অবৈধ/অনুমোদনবিহীন সেটটপ বক্স/স্মার্ট টিভি বক্স বিক্রয় ও বিপণন বন্ধে বিটিআরসি হতে নিয়মিত অভিযান পরিচালিত হচ্ছে। অবৈধ ও অনুমোদনবিহীন যেকোনো ধরনের সেটটপ বক্স/স্মার্ট টিভি বক্স ক্রয়-বিক্রয় হতে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে বিটিআরসি'র পক্ষ থেকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে, অন্যথায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

পরিচালিত অভিযানে প্রাপ্ত তথ্যের সারসংক্ষেপঃ

| ক্রমিক নং | পরিদর্শনের স্থান | পরিদর্শনের তারিখ | জব্দকৃত মালামালের বিবরণ | ধৃত আসামীর সংখ্যা |
|--------------|------------------------------------|------------------|---------------------------------------|-------------------|
| ১ | শাহ আলী প্লাজা, মিরপুর, ঢাকা। | ১৫/০৫/২০২৪ | ৪৪০টি সেটটপ বক্স/স্মার্ট টিভি বক্স | ০৩ (তিন) জন |
| ২ | এম. আলী ভবন, এলিফ্যান্ট রোড, ঢাকা। | ১৫/০৫/২০২৪ | ৫৩৭টি সেটটপ বক্স/স্মার্ট টিভি বক্স | ০১ (এক) জন |

